



জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং- ১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০১৬-২০১৭/৪২৬৯

তারিখ: ২৮/০৬/২০১৮

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের ভর্তি কার্যক্রমে ২য় পর্যায়ের অনলাইন প্রাথমিক আবেদন ও কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন নিশ্চয়নের সময় বৃদ্ধি সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের ভর্তি কার্যক্রমে ২য় পর্যায়ের অনলাইন প্রাথমিক আবেদনের সময় ০৩ জুলাই ২০১৮ তারিখ রাত ১২টা পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.admissions.nu.edu.bd) থেকে আগ্রহী প্রার্থীকে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ প্রার্থীর আবেদন ফরমে উল্লিখিত কলেজে ০৪ জুলাই ২০১৮ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। উল্লেখ্য যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.admissions.nu.edu.bd) **Master's tab** এর **Prospectus** অপশন থেকে জানা যাবে।

নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী প্রাথমিক আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করতে হবে

ক্রমিক	করণীয়	তারিখ
১।	২য় পর্যায়ের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের সর্বশেষ তারিখ: শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট website (www.admissions.nu.edu.bd) এর Masters Tab এর Apply Now (Master's Reg.) অপশনে ক্লিক করে আবেদন ফরম পূরণ করতে হবে।	০৩/০৭/২০১৮
২।	সংশ্লিষ্ট কলেজে প্রাথমিক আবেদন ফরম জমা দেয়ার সর্বশেষ তারিখ: প্রার্থীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত তারিখের মধ্যে আবেদন ফরম জমা দিতে হবে।	০৪/০৭/২০১৮
৩।	কলেজ কর্তৃক প্রার্থীদের প্রাথমিক আবেদন নিশ্চয়নের সর্বশেষ তারিখ:	০৫/০৭/২০১৮
৪।	কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফি সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: কলেজ প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [আবেদনকারী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ Login এর মাধ্যমে Application Payment Info (Masters Reg.) অপশনে ক্লিক করে College Payment অপশন থেকে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের "ভর্তি ফান্ড" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- 0218100003245 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করবে।	০৯/০৭/২০১৮ থেকে ১২/০৭/২০১৮

(প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন)

ডীন (ভারপ্রাপ্ত)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়

ফোন : ৯২৯১০৭৪, ৯২৯২০৮৪

ই-মেইল- pgdeanoffice@gmail.com

স্মারক নং- ১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০১৬-২০১৭/ ৪২৬৯

তারিখ: ২৮/০৬/২০১৮

অনুলিপি-

- ১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ২। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (কল সেন্টার, ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস-চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। অফিস কপি

উপ-রেজিস্ট্রার (মাস্টার্স)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়